

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি শাখা-১  
www.tmed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৬.০৪.০০২.১২ (অংশ)-২৭৭

তারিখঃ ১১ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ  
২৬ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

প্রাপকঃ বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা  
বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়  
ময়মনসিংহ।

বিষয়ঃ অবসরপ্রাপ্ত কর্মকর্তার মাসিক অবসর ভাতা ও এককালীন আনুতোষিক মঞ্জুরি সংক্রান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল হালিম-কে সরকারি চাকরি আইন ২০১৮ এর ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী ০৩/০৬/২০১৮ তারিখ হতে অবসর প্রদান করা হয়। সে অনুযায়ী তাঁর প্রাপ্য আনুতোষিক মঞ্জুরির জন্য প্রয়োজনীয় কাগজপত্র যথাযথভাবে পূরণপূর্বক আবেদন করেছেন (কপি সংযুক্ত)। পেনশন ফরমের ৬ষ্ঠ পৃষ্ঠার ৩য় অংশে কর্তৃপক্ষ সদয় স্বাক্ষর প্রদান করেছেন।


২। বর্ণিতাবস্থায়, ময়মনসিংহ জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক ইস্যুকৃত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী ১০০% আনুতোষিক বাবদ ৬৮,১২,৩৭০/- (আটষট্টি লক্ষ বার হাজার তিনশত সত্তর) টাকা এবং ০৩/০৬/২০১৯ তারিখ হতে মাসিক অবসর ভাতা বাবদ ২৯,৬১৯ (উনত্রিশ হাজার ছয়শত উনিশ) টাকা এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতা জনাব মোঃ আব্দুল হালিম এর অনুকূলে প্রদানের জন্য নির্দেশক্রমে মঞ্জুরি প্রদান করা হলো। তাঁর অনুকূলে অবসরভাতা পরিশোধ আদেশ (পি.পি.ও.) জারী করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করছি।

৩। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত তথ্য অনুযায়ী তাঁর নিকট কোন সরকারি পাওনা নেই। তবে ভবিষ্যতে কোন পাওনা আছে মর্মে পরিলক্ষিত হলে উহা পরিশোধ করতে তিনি বাধ্য থাকবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


সংযুক্তিঃ পেনশন ফরম এবং অন্যান্য কাগজপত্র  
১০৮ (একশত আট) পাতা।

আপনার বিশ্বস্ত

  
২৬/৭/২০২০  
রহিমা আক্তার  
উপসচিব  
৯৫৮৪৬৬৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, তেজগাঁও শিল্প এলাকা শাখা, ঢাকা-১২০৮।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৭. বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
৮. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. অধ্যক্ষ, ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. জনাব মোঃ আব্দুল হালিম, প্রাক্তন অধ্যক্ষ, ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট, ময়মনসিংহ।

  
২৬/৭/২০২০

উপসচিব

কারিগরি শাখা-০১